স্বাধীনতার ৫০ বছরের অনুপ্রেরণায়

The Daily Star

# মুক্তিযুদ্ধ অলিম্পিয়াড

বুদ্ধি খাটাই, ইতিহাস জানি, ইতিহাস জানাই

সহযোগিতায় efood

## স্কুল ক্যাটাগরির প্রশ্ন ব্যাংক

## (৭ম - ১০ম শ্রেণী)



এই প্রশ্ন ব্যাংকটি শুধুমাত্র "দ্য ডেইলি স্টার মুক্তিযুদ্ধ অলিম্পিয়াড"
এর অংশগ্রহণকারীদের ব্যবহারের জন্য তৈরী করা হয়েছে।
দ্য ডেইলি স্টারের অনুমতি ব্যতীত এটির মুদ্রণ বা
ডিজিটাল মাধ্যমে প্রকাশ করা আইনত দণ্ডনীয়।

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে বীরত্বসূচক তৃতীয় সর্বোচ্চ উপাধি কোনটি?**
উত্তর: বীর বিক্রম

**বাংলাদেশ সরকারের প্রথম প্রধানমন্ত্রী নিযুক্ত হন কে? তিনি পরবর্তীতে অর্থমন্ত্রীর দায়িত্বও পালন করেন।**
উত্তর: তাজউদ্দীন আহমদ

**প্রশ্ন: বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি কে ?**
উত্তর: সৈয়দ নজরুল ইসলাম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে উত্থাপিত যুদ্ধবিরতি প্রস্তাবে বাংলাদেশের পক্ষে ভেটো প্রদান করে কোন রাষ্ট্র?**
উত্তর: সোভিয়েত ইউনিয়ন

**প্রশ্ন: ১৯৭১ সালের বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে পাকিস্তানের পরাজয়ের পর  ইয়াহিয়া খানের স্থলে পাকিস্তানের প্রেসিডেন্ট নিযুক্ত হন কে ?**
উত্তর: জুলফিকার আলী ভুট্টো

**প্রশ্ন: কনসার্ট ফর বাংলাদেশে অংশ নেয়া উপমহাদেশীয় শিল্পীদের মধ্যে তবলায় কে ছিলেন?**
উত্তর: আল্লা রাখাঁ

**প্রশ্ন: প্রতিবছর কত তারিখে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয় ?**
উত্তর: ১৪ ডিসেম্বর

**প্রশ্ন: কত তারিখে আনুষ্ঠানিকভাবে অস্থায়ী বাংলাদেশ সরকার প্রতিষ্ঠা ও মন্ত্রিপরিষদের শপথগ্রহণ অনুষ্ঠান আয়োজিত হয়?**
উত্তর: ১৭ এপ্রিল

**প্রশ্ন: বহুল আলোচিত অপারেশন জ্যাকপট এর সতর্ক সঙ্কেত হিসেবে নিম্নের কোন গানটি ব্যবহৃত হয়?**
উত্তর: আমার পুতুল আজকে প্রথম যাবে শ্বশুরবাড়ি

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় চট্টগ্রাম কোন সেক্টর এর অধীনে ছিল?**
উত্তর: ১ নং সেক্টর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানী সৈন্যদের মনে ত্রাস সৃষ্টিকারী বহুল আলোচিত কাদেরিয়া বাহিনী মূলত কোন অঞ্চলে সক্রিয় ছিল?**
উত্তর: টাঙ্গাইল

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ  চলাকালীন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ছিলেন কে ?**
উত্তর: রিচার্ড নিক্সন

**প্রশ্ন: ১৯৭১ সালে পূর্ব পাকিস্তানে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের দূতাবাসের কনসাল জেনারেল নিযুক্ত হয়েছিলেন। তিনি বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় যুক্তরাষ্ট্র সরকারকে তৎকালীন চলমান নৃশংসতা বন্ধে ব্যর্থ হওয়ায় কঠোর ভাষায় একটি টেলিগ্রাম বার্তা পাঠানোর জন্য বিখ্যাত। তিনি কে ?**
উত্তর: আর্চার কেন্ট ব্লাড

**প্রশ্ন: স্বাধীনতা লাভের পর কত তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তান থেকে মুক্তি পেয়ে বাংলাদেশে ফিরে আসেন ?**
উত্তর: ১০ জানুয়ারি , ১৯৭২

**প্রশ্ন: স্টপ জেনোসাইড প্রামাণ্যচিত্রে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ভয়াবহ চিত্র তুলে ধরে প্রশংসিত হন কোন প্রখ্যাত বাংলাদেশি চলচ্চিত্র পরিচালক, ঔপন্যাসিক, এবং গল্পকার?**
উত্তর: জহির রায়হান

**প্রশ্ন: এটি ছিল বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ চলাকালীন সময় পাকিস্তানি সেনাবাহিনী ও তাদের দোসরদের বিরুদ্ধে ঢাকা শহরে গেরিলা আক্রমণ পরিচালনাকারী একদল তরুণ মুক্তিযোদ্ধাদের সংগঠিত দল যাঁরা তৎকালীন সময় একটি কিংবদন্তিতে পরিণত হয়েছিলেন। এই গেরিলা দলটি অত্যন্ত দক্ষতার সাথে "হিট এন্ড রান" পদ্ধতিতে অসংখ্য আক্রমণ পরিচালনা করে পাকিস্তানি সেনাবাহিনীর মধ্যে ব্যাপক ত্রাসের সঞ্চার করেন। কাদের কথা বলা হচ্ছে?**
উত্তর: ক্র্যাক প্লাটুন

**প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধের মুক্তিবাহিনীর প্রথম সামরিক ব্রিগেড কোনটি**
উত্তর: জেড ফোর্স

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ যাদুঘর ঢাকার কোন এলাকায় অবস্থিত?**
উত্তর: আগারগাঁও

**প্রশ্ন: শেখ মুজিবুর রহমান কত সালে ছয়দফা ঘোষনা করেন?**
উত্তর: ১৯৬৬

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময়ে ভারতে আশ্রয় নেয়া শরনার্থীদের জন্য ত্রাণ সংগ্রহের দায়িত্বে কোন নেতা নিয়োজিত ছিলেন?**
উত্তর: এ এইচ এম কামরুজ্জামান

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে চরমপত্র পাঠ করতেন কে?**
উত্তর: এম. আর. আখতার মুকুল

**প্রশ্ন: পশ্চিম পাকিস্তান আমাদের কত বছর শাসন করে?**
উত্তর: ২৪

**প্রশ্ন: বীর শ্রেষ্ঠদের মধ্যে সর্বশেষে মৃত্য বরণ কে করেন? (১৪ ডিসেম্বর, ১৯৭১)**
উত্তর: মহিউদ্দিন জাহাঙ্গীর

**প্রশ্ন: জর্জ হ্যারিসন আয়োজিত "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" প্রায় কতজন দর্শকের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়?**
উত্তর: প্রায় ৪০ হাজার

**প্রশ্ন: "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" এ জর্জ হ্যারিসন এর পাশাপাশি অংশগ্রহণ করেছিলেন নিচের কোন জন?**
উত্তর: রিঙ্গো স্টার

**প্রশ্ন: "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" এর অন্যতম সঙ্গীত পরিবেশক পণ্ডিত রবিশঙ্কর কোন বাদ্যযন্ত্র ব্যবহার করে সঙ্গীত পরিবেশন এর জন্য বিখ্যাত ?**
উত্তর: সেতার

**প্রশ্ন: ৭ জন বীরশ্রেষ্ঠের মধ্যে কে বিমান বাহিনীর সদস্য ছিলেন?**
উত্তর: মতিউর রহমান

**প্রশ্ন: সাত জন বীর শ্রেষ্ঠ পদকপ্রাপ্ত শহীদ মুক্তিযোদ্ধাদের মধ্যে সর্বকনিষ্ঠ (১৮ বছর বয়স) কে ছিলেন?**
উত্তর: হামিদুর রহমান

**প্রশ্ন: মৃত্যুকালে শহীদ বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ  এর সামরিক পদবি কি ছিল?**
উত্তর: ল্যান্স নায়েক

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় যুক্তরাষ্ট্র সরকার পাকিস্তানের পক্ষ নিলেও কোন মার্কিন সিনেটর বাংলাদেশের স্বাধীনতার জন্য রাজনৈতিক প্রচেষ্টা চালিয়ে যান ?**
উত্তর: এডওয়ার্ড কেনেডি

**প্রশ্ন: নিচের কোন শহীদ বুদ্ধিজীবী পেশায় চিকিৎসক ছিলেন?**
উত্তর: মোহাম্মদ ফজলে রাব্বি

**প্রশ্ন:  কোন শহীদ বুদ্ধিজীবী ১৯৪৮ সালে পাকিস্তান গণপরিষদের অধিবেশনে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়ার  দাবি উত্থাপন করেন ?**
উত্তর: ধীরেন্দ্রনাথ দত্ত

**প্রশ্ন: যুদ্ধের সময়ের ফুটেজ শটের উপর ভিত্তি করে তারেক মাসুদ এবং ক্যাথরিন মাসুদ নির্মাণ করেন "মুক্তির গান"। ফুটেজ শট গুলো কার ছিল?**
উত্তর: লেয়ার লেভিন

**প্রশ্ন: কাকাত হেনইঞ্চিতা কোন বীর বাঙ্গালি নারী মুক্তিযোদ্ধার আসল নাম?**
উত্তর: কাঁকন বিবি

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময়  মেজর জিয়াউর রহমান কোন দুইটি সেক্টরের সেক্টর কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেন?**
উত্তর: ১ ও ১১ নং সেক্টর

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারি প্রথম ইউরোপীয় দেশ কোনটি?**
উত্তর: পোল্যান্ড

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আফ্রিকান দেশ কোনটি**
উত্তর: সেনেগাল

**প্রশ্ন: বীর প্রতীক উপাধিতে ভূষিত হন মোট কতজন ?**
উত্তর: ৪২৬ জন

**প্রশ্ন: ১৯৭০ এর জাতীয় নির্বাচন এ দ্বিতীয় সর্বোচ্চ সংখ্যক আসনে জয়লাভ করে নিচের কোন রাজনৈতিক দলটি?**
উত্তর: পাকিস্তান পিপলস্ পার্টি

**প্রশ্ন: ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের স্থায়িত্ব কতক্ষণ ছিল ?**
উত্তর: প্রায় ১৮ মিনিট

**প্রশ্ন: মুজিবনগর সরকার এর শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন কে?**
উত্তর: আবদুল মান্নান

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে অসম সাহসিকতার জন্য আদিবাসী/উপজাতী মুক্তিযোদ্ধা ইউ. কে. চিং মারমা কে কোন উপাধিতে ভূষিত করা হয় ?**
উত্তর: বীর বিক্রম

**প্রশ্ন: ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর প্রায় কতজন পাকিস্তানি সৈন্য আত্মসমর্পণ করে?**
উত্তর: প্রায় ৯৩ হাজার

**প্রশ্ন: যুদ্ধে পাকিস্তানের অবশ্যম্ভাবী পরাজয় আঁচ করতে পেরে যুক্তরাষ্ট্র পাকিস্তানকে সামরিক ভাবে সাহায্য করতে বঙ্গোপসাগরে কোন নৌবহর পাঠায়?**
উত্তর: ৭ম নৌবহর

**প্রশ্ন: নিচের কোন পাকিস্তানী সাবমেরিনটি ১৯৭১ সালে যুদ্ধ চলাকালে রহস্যজনকভাবে ডুবে যায় ?**
উত্তর: পি এন এস গাজী

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় পদ্মা ও পলাশ নামের দুটি সমুদ্রগামী রণতরী নিয়ে যাত্রা শুরু করে বাংলাদেশ নৌবাহিনি। পদ্মা ও পলাশ কোন ধরনের রণতরী ছিল?**
উত্তর: গানবোট

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ কোনটি?**
উত্তর: ইরাক

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় সমগ্র রংপুর জেলা কোন সেক্টরের অধীনে ছিল ?**
উত্তর: ৬ নং সেক্টর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মার্কিন কবি অ্যালেন গিন্সবার্গ ভারতে অবস্থিত বাংলাদেশী শরণার্থী শিবিরগুলোতে ঘুরে বেরিয়েছিলেন। এসময়ের অভিজ্ঞতা নিয়ে তিনি একটি কবিতা লিখেন । কবিতাটির নাম কী ?**
উত্তর: সেপ্টেম্বর অন যশোর রোড

**প্রশ্ন: ৭ জন বীরশ্রেষ্ঠের মধ্যে কে বিদেশের মাটিতে মৃত্যুবরণ করেন ?**
উত্তর: মতিউর রহমান

**প্রশ্ন: ১৯৭১ সালে সত্তর বছর বয়সে বাংলাদেশের মুক্তিযুদ্ধে যোগ দিতে চেয়েছিলেন স্বাধীন বাংলাদেশের অকৃত্রিম বন্ধু আঁদ্রে মালরো। তিনি কোন দেশের অধিবাসী ছিলেন?**
উত্তর: ফ্রান্স

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় জর্জ হ্যারিসন এর "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" বাদেও যুদ্ধপীড়িত বাংলাদেশীদের সাহায্যার্থে আরও কনসার্ট আয়োজিত হয়। এমনই এক কনসার্ট হয় ১৯৭১ সালের সেপ্টেম্বর মাসে যেখানে গান পরিবেশন করে "দ্য হু" , রড স্টুয়ার্ট এর মত জনপ্রিয় ব্যান্ড ও সংগীতশিল্পী। কনসার্টটি কোথায় হয়েছিল?**
উত্তর: লন্ডন

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে সন্তান হারিয়ে "শহীদ জননী" উপাধি পান কে ?**
উত্তর: জাহানারা ইমাম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় ৯ নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন কে ?**
উত্তর: মেজর এম এ জলিল

**প্রশ্ন: দেশ স্বাধীনের পর বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান "পাকিস্তান সেনাবাহিনীর হাতে নির্যাতিত নারীদের যথাযোগ্য সম্মান এবং মর্যাদা" দেবার জন্য বাংলাদেশকে আহ্বান জানান এবং তাঁদের নিজের মেয়ে হিসেবে আখ্যায়িত করেন। বাংলাদেশ সরকার কর্তৃক বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে নির্যাতিত নারীদের দেয়া খেতাব এর নাম কী ?**
উত্তর: বীরাঙ্গনা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি সেনাবাহিনীর মধ্যে ব্যাপক ত্রাসের সৃষ্টিকারী ক্র্যাক প্লাটুন কত নং সেক্টরের অধীনে ছিল ?**
উত্তর: ২ নং সেক্টর

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহত হওয়া  ক্র্যাক প্লাটুন এর সদস্য গেরিলা মুক্তিযোদ্ধা শহীদ জুয়েল কি হিসেবেও পরিচিত ছিলেন ?**
উত্তর: ক্রিকেটার

**প্রশ্ন: কিংবদন্তিতুল্য ক্র্যাক প্লাটুন এর সদস্য এই গেরিলা মুক্তিযোদ্ধা পরবর্তীতে দেশ স্বাধীন হওার পর পপ তারকা হিসেবে ব্যাপক জনপ্রিয়তা লাভ করেন। কে তিনি ?**
উত্তর: আজম খান

**প্রশ্ন: কিংবদন্তিতুল্য ক্র্যাক প্লাটুন এর সদস্য এই গেরিলা মুক্তিযোদ্ধা ছিলেন পূর্ব পাকিস্তান দলের বাস্কেটবল খেলোয়াড়। যুদ্ধের সময় একবার তিনি ঢাকার ইস্কাটনের একটি বাড়িতে কয়েকজন পাকিস্তানী সেনা ও অফিসারের হাতে ধরা পড়ার পর তাদের অস্ত্র ছিনিয়ে সকলকে হত্যা করে পালিয়ে যান। কে এই বীর মুক্তিযোদ্ধা?**
উত্তর: কাজী কামাল উদ্দিন

**প্রশ্ন: আমি একজন শহীদ বীর গেরিলা মুক্তিযোদ্ধার নাম জানতে চাচ্ছি যিনি কিংবদন্তিসম ক্র্যাক প্লাটুন-এর হয়ে বেশ কিছু সফল অভিযানে অংশ নিয়েছিলেন। পরবর্তীতে নিজ বাড়ি থেকে তাঁকে ধরে নিয়ে যায় পাক হানাদার বাহিনী। মুক্তিবাহিনীর তথ্য নেওয়ার জন্য তার ওপরে চালানো হয় পাশবিক অত্যাচার। বকিছু সহ্য করে গেছেন, তবু মুখ খোলেননি। তার মা যখন তার সাথে বন্দি অবস্থায় দেখা করেন, তখন ভাত খেতে চেয়েছিলেন। মা ভাত নিয়ে গিয়ে ছেলেকে আর পাননি। ছেলেকে ভাত খাওয়াতে না পারার কষ্টে তাঁর মা জীবনে আর মুখে ভাত তুলে নেননি।  রুপকথার মতো এই বাস্তবতা নিয়ে পরে বরেণ্য লেখক আনিসুল হক তার বিখ্যাত মা উপন্যাস রচনা করেন। কোন মুক্তিযোদ্ধার কথা বলা হচ্ছে ?**
উত্তর: শহীদ আজাদ

**প্রশ্ন: তিনি ছিলেন একজন বাংলাদেশি কবি ও কথাসাহিত্যিক। ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করা অবস্থায় ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর ঢাকার মিরপুরের বধ্যভূমিতে পাকিস্তান সেনাবাহিনীর সহযোগী আল বদর বাহিনীর সদস্যদের হাতে তিনি নিহত হন। রাইফেল রোটি আওরাত রচনার জন্য তিনি মরণোত্তর স্বাধীনতা পদকে ভূষিত হন। কে তিনি ?**
উত্তর: আনোয়ার পাশা

**প্রশ্ন: তিনি ছিলেন প্রখ্যাত আয়ুর্বেদ শাস্ত্র বিশারদ এবং শিক্ষাবিদ। তিনি সাধনা ঔষধালয়ের প্রতিষ্ঠাতা। তিনি আয়ুর্বেদ শাস্ত্র সম্পর্কিত বহু গ্রন্থ রচনা করেন। ২৫শে মার্চ থেকে ১৬ই ডিসেম্বর পর্যন্ত যে কয়জন স্বনামধন্য বুদ্ধিজীবী পাকবাহিনীর হাতে প্রাণ হারান তাঁদের মধ্যে তিনি একজন। কার কথা বলা হচ্ছে ?**
উত্তর: যোগেশচন্দ্র ঘোষ

**প্রশ্ন: তিনি একজন বাংলাদেশি সুরকার, সংস্কৃতিকর্মী ও স্বাধীনতা যুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধা। তিনি একজন ভাষাসৈনিক ছিলেন এবং শহীদ দিবস নিয়ে রচিত আমার ভাইয়ের রক্তে রাঙানো গানটির সুরকার হিসেবেই তিনি সমধিক পরিচিত। তিনি মুক্তিযোদ্ধাদের নিয়ে তার বাসায় গোপন ক্যাম্প স্থাপন করেন। কিন্তু ক্যাম্পের কথা ফাঁস হয়ে গেলে পাকিস্তানি বাহিনী তাকে আটক করে অমানুষিক নির্যাতন করে হত্যা করে। কে তিনি ?**
উত্তর: আলতাফ মাহমুদ

**প্রশ্ন: ৬ দফা দাবি উত্থাপিত হয় কত সালে?**
উত্তর: ১৯৬৬

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ  রুহুল আমিন কত নং সেক্টরের হয়ে যুদ্ধ করেন?**
উত্তর: ১০ নং সেক্টর

**প্রশ্ন: কোন বীরশ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা কোন সেক্টরের হয়েই যুদ্ধ করেননি ?**
উত্তর: মতিউর রহমান

**প্রশ্ন: তিনি ৪নং সেক্টরের সেক্টর কমান্ডারের দায়িত্ব পালন করেছেন। মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য তিনি বীর উত্তম খেতাবে ভূষিত হন। তিনি গত ২৫শে আগস্ট,২০২০ এ মৃত্যুবরণ করেন। কার নাম জানতে চাওয়া হচ্ছে?**
উত্তর: চিত্ত রঞ্জন দত্ত

**প্রশ্ন:  বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশের একটি ফুটবল দল বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে জনমত অর্জন এবং মুক্তিযোদ্ধাদের সাহায্যার্থে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে ভারতের বিভিন্ন স্থানে প্রদর্শনী ফুটবল খেলায় অংশ নেয়। পৃথিবীর ইতিহাসে যুদ্ধকালীন প্রথম ফুটবল দল এটি। এই দলটি কী নামে পরিচিত ছিল ?**
উত্তর: স্বাধীন বাংলা ফুটবল দল

**প্রশ্ন:  ১৯৭১ সালের ১ জুন জেনারেল টিক্কা খান পূর্ব পাকিস্তান রাজাকার অর্ডিন্যান্স-১৯৭১ জারি করে কোন বাহিনীকে রাজাকার বাহিনীতে রূপান্তরিত করেন ?**
উত্তর: আনসার বাহিনী

**প্রশ্ন: প্রথম কোথায় বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়?**
উত্তর: ঢাকা বিশ্ববিদ্যালয়

**প্রশ্ন: কবে স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়?**
উত্তর: ০৩ মার্চ, ১৯৭১

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ (গাজীপুর)  কত তারিখে সংগঠিত হয়?**
উত্তর: ১৯ মার্চ

**প্রশ্ন: কোন বীরশ্রেষ্ঠ ১ নং সেক্টরের হয়ে যুদ্ধ করে শহীদ হন ?**
উত্তর: মুন্সি আব্দুর রউফ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মুজিব নগর কত নং সেক্টরের অধীনে ছিল ?**
উত্তর: ৮ নং সেক্টর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় কোন বিদেশী মিশনে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়?**
উত্তর: কলকাতা মিশনে

**প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য মোট কতজন তাদের অবদানের ভিত্তিতে বীরশ্রেষ্ঠ, বীর-উত্তম, বীরবিক্রম ও বীরপ্রতীক খেতাব প্রাপ্ত হন?**
উত্তর: ৬৭৭

**প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধ শুরু হলে ৪ঠা এপ্রিল ১৯৭১, নুরুল আমিন, গোলাম আযম ও খাজা খায়রুদ্দিনসহ ১২জন পাকিস্তানপন্থী নেতা, পাকিস্তান সেনাবাহিনীর জেনারেল টিক্কা খানের সাথে দেখা করেন এবং বিদ্রোহীদের বিরুদ্ধে সহযোগিতার নিশ্চয়তা প্রদান করেন। আলোচনার পরে, ডানপন্থী নেতারা, পূর্ব পাকিস্তানে শান্তি পুনরুদ্ধারে ১৪০ জন সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করে। এটি কি নামে পরিচিত ছিল ?**
উত্তর: শান্তি কমিটি

**প্রশ্ন: মুক্তিযুদ্ধকালে বাংলাদেশ সরকারের সর্বদলীয় উপদেষ্টা কমিটির চেয়ারম্যান কে ছিলেন?**
উত্তর: মওলানা আবদুল হামিদ খান ভাসানী

**প্রশ্ন: কে ভারত থেকে আত্মসমর্পন দলিল নিয়ে আসেন?**
উত্তর: জেনারেল জ্যাকব

**প্রশ্ন: ২৬শে মার্চ স্বাধীনতা দিবসকে জাতীয় দিবস হিসেবে ঘোষণা দেয়া হয় কত সালে?**
উত্তর: ১৯৮০

**প্রশ্ন: বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে ১৯৪৭ সালের ৬ই ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে প্রথম যে ছাত্রসভা হয়, তাতে বক্তৃতা প্রদান করেছিলেন তিনি। ১৯৫৩ সালে কারাবন্দী অবস্থাতেই লেখেন বিখ্যাত একটি নাটক। ১৯৬৯ সালে হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান। বিখ্যাত এ নাট্যকার পাকিস্তানের বেসামরিক খেতাব সিতারা-ই-ইমতিয়াজ প্রত্যাখ্যান করেন অসহযোগ আন্দোলনের সমর্থনে। কে তিনি ?**
উত্তর: মুনীর চৌধুরী

**প্রশ্ন: চিরকুমার এ অধ্যাপক ১৯৫৩ সালে যোগ দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে, দর্শন বিভাগের চেয়ারম্যান হন '৬৩ সালে। ১৯৭১ সালের ২৬শে মার্চ ভোরে তাঁর নিজের বাসায় দত্তক কন্যার (রোকেয়া সুলতানা) সামনেই এ আত্মভোলা শিক্ষক ও দত্তক কন্যার স্বামীকে (মোহাম্মদ আলী) ব্রাশফায়ার করে হত্যা করা হয়। মৃত্যুর আগে তাঁর শেষ কথা ছিল – 'গুড সেন্স, গুড সেন্স'। কে তিনি ?**
উত্তর: গোবিন্দ চন্দ্র দেব

**প্রশ্ন: শ্যামলী নাসরিন চৌধুরী একজন বাংলাদেশী শিক্ষাবিদ। শিক্ষাক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরুপ বাংলাদেশ সরকার তাকে ২০০১ সালে একুশে পদকে ভূষিত করে। তাঁর স্বামী ছিলেন কোন শহীদ বুদ্ধিজীবী ?**
উত্তর: ড. আলীম চৌধুরী

**প্রশ্ন: এই শহীদ বুদ্ধিজীবী ১৯৭১ সালে 'ইত্তেফাক' -এর সম্পাদকীয়, উপ-সম্পাদকীয় লিখতেন। ১৯৭১ সালের ১০ ডিসেম্বর তাঁকে শান্তিনগরের চামেলীবাগের ভাড়া বাসা থেকে ধরে নিয়ে যায় বাহিনীর লোকেরা। তাঁর আর কোন খোঁজ পাওয়া যায়নি। কে তিনি ?**
উত্তর: সিরাজুদ্দীন হোসেন

**প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগে পড়াশোনা শেষ করে এ প্রতিষ্ঠানেই যোগ দেন ১৯৫০ সালে। লন্ডন কিংস কলেজ থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করা এ শিক্ষক মানবতাবাদী হিসেবে খ্যাত ছিলেন। জগন্নাথ হলের আবাসিক শিক্ষক হিসেবে পাওয়া বাসাতেই ১৯৭১ সালের ২৫শে মার্চ গুলি করা হয় তাঁকে। ৩০শে মার্চ ঢাকা মেডিকেল কলেজে মৃত্যুবরণ করেন তিনি। নাম বলতে হবে।**
উত্তর: জ্যোতির্ময় গুহঠাকুরতা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্রের নাম কী? এটি ছিল মহান স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে নির্মিত, স্বাধীনতাত্তোর প্রথম চলচ্চিত্র।**
উত্তর: ওরা ১১ জন

**প্রশ্ন: অর্থনীতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও করাচি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করা এই গেরিলা ছিলেন ক্র্যাক প্লাটুনের সবচেয়ে বিখ্যাত সদস্যদের একজন। মাত্র ৯২ সেকেন্ডে সম্পন্ন করা অপারেশন ফার্মগেট চেকপয়েন্টের জন্য বিখ্যাত এই সূর্যসন্তান ঘনিষ্ঠ বন্ধুর বিশ্বাসঘাতকতায় ২৯ আগস্ট পাকিস্তান আর্মির কাছে ধরা পড়েন। হুমায়ূন আহমেদের বিখ্যাত চলচ্চিত্র 'আগুনের পরশমণি' তাঁকে ভিত্তি করেই নির্মিত। তাঁকে মরণোত্তর বীরবিক্রম পদকে ভূষিত করা হয়।**
উত্তর: বদিউল আলম বদি

**প্রশ্ন: তিনি ছিলেন পাক সেনাবাহিনীর কমান্ডো। স্পেশাল সার্ভিস গ্রুপ ট্রেনিংয়ে ৩৬০ সদস্যের মধ্যে থাকা দুজন বাঙালির অন্যতম তিনি। মুক্তিযুদ্ধে যোগ দিয়ে দায়িত্ব নেন ২ নম্বর সেক্টরের গেরিলাদের প্রশিক্ষণের। তাঁর হাত দিয়েই গড়ে উঠে ঢাকার দুর্ধর্ষ গেরিলাদের এই ক্র্যাক প্লাটুন। উপস্থিত ছিলেন পাকিস্তান বাহিনীর আত্নসমর্পণ অনুষ্ঠানেও। বীর উত্তমের খেতাব পাওয়া এই ব্যক্তি কে?**
উত্তর: এটিএম হায়দার

**প্রশ্ন: বীর প্রতীক খেতাবপ্রাপ্ত ক্যাপ্টেন সিতারা বেগম এর আপন ভাই ছিলেন কোন সেক্টর কমান্ডার ?**
উত্তর: এটিএম হায়দার

**প্রশ্ন: ১৩-১৪ বছর বয়সে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন তারামন বিবি। বীর প্রতীক খেতাবে ভূষিত এ নারী কোন সেক্টরে যুদ্ধ করেন?**
উত্তর: ১১ নং সেক্টর

**প্রশ্ন: ১৯৭১ সালের সেপ্টেম্বরে যখন প্রথম বিমান বাহিনী গঠিত হয়, তখন এর প্রথম ইউনিটের নাম কী ছিলো? বহু সফল অভিযান পরিচালিত হয়েছিলো এ ইউনিটের অধীনে।**
উত্তর: কিলো ফ্লাইট

**প্রশ্ন: ২০০৭ সালে ভারতের কোন রাজ্য থেকে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের দেহাবশেষ বাংলাদেশে এনে রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিত করা হয়?**
উত্তর: ত্রিপুরা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন কে?**
উত্তর: উ থান্ট

**প্রশ্ন: বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে স্বীকৃতি দানকারী প্রতিষ্ঠান কোনটি ?**
উত্তর: ইউনেস্কো

**প্রশ্ন: তিনি ছিলেন একজন বাংলাদেশি মহিলা সাংবাদিক। তিনি শিলালিপি পত্রিকায় সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও কাজ করেন সাপ্তাহিক বেগম ও সাপ্তাহিক ললনা পত্রিকায়। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় পরিকল্পিতভাবে বুদ্ধিজীবীদের হত্যাকাণ্ডের অংশ হিসেবে ১৪ ডিসেম্বর আল বদর বাহিনী কর্তৃক অপহৃত হওয়ার পর তাকে নির্যাতন করে হত্যা করা হয় এবং রায়ের বাজার বধ্যভূমিতে তার মৃতদেহ পাওয়া যায়। কার কথা বলা হচ্ছে ?**
উত্তর: সেলিনা পারভিন

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের কমান্ডার ইন চিফ কে ছিলেন?**
উত্তর: জেনারেল এমএজি ওসমানী

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের কোন সেক্টর গঠিত হয়েছিলো শুধুমাত্র নৌ কমান্ডোদের নিয়ে?**
উত্তর: ১০

**প্রশ্ন: ঢাকা শহর কোন সেক্টরের অন্তর্গত ছিলো?**
উত্তর: ২

**প্রশ্ন: প্রবাসী বাংলাদেশ সরকারের ত্রাণ ও পূণর্বাসন মন্ত্রী কে ছিলেন?**
উত্তর: কামরুজ্জামান

**প্রশ্ন: ১৯৭১-এর ১৫ আগস্ট রাত ১২টার পর অর্থাৎ ১৬ আগস্ট প্রথম প্রহরে চট্টগ্রাম ও মংলা সমুদ্র বন্দর এবং দেশের অভ্যন্তরে চাঁদপুর ও নারায়ণগঞ্জ নদী বন্দরে একই সময়ে পরিচালিত হয় বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় নৌ-সেক্টর পরিচালিত সফলতম গেরিলা অপারেশন। অপারেশনটির নাম কি?**
উত্তর: অপারেশন জ্যাকপট

**প্রশ্ন:  দাসপার্টি নামক গেরিলা দলটির কমান্ডার কে ছিলেন?**
উত্তর: জগতজ্যোতি দাস

**প্রশ্ন: মিত্রবাহিনী গঠিত হয় ১৯৭১ সালের কোন মাসে?**
উত্তর: নভেম্বর

**প্রশ্ন: শহীদ জননী জাহানারা ইমামের ছেলে রুমী কোন গেরিলা দলের সদস্য ছিলেন?**
উত্তর: ক্র্যাক প্লাটুন

**প্রশ্ন:   মুক্তিযোদ্ধা তারামন বিবি কোন খেতাবে ভূষিত হন?**
উত্তর: বীর প্রতীক

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালীন সময় বিমানবাহিনী প্রধান কে ছিলেন?**
উত্তর: গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার

**প্রশ্ন: কুখ্যাত রাজাকার বাহিনী গঠন করেন কে?**
উত্তর: এ.কে.এম. ইউসুফ

**প্রশ্ন: "এক সাগর রক্তের বিনিময়ে" গানটির গীতিকার কি?**
উত্তর: গোবিন্দ হালদার

**প্রশ্ন: প্রবাসী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রী কে ছিলেন?**
উত্তর: খন্দকার মোশতাক আহমেদ

**প্রশ্ন: মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার বর্তমান নাম কি?**
উত্তর: মুজিবনগর

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ ৭ জনের মধ্যে কয়জন নৌ বাহিনীর সদস্য ছিলেন?**
উত্তর: ১

**প্রশ্ন: Bangladesh: A Legacy of Blood বইটি কার লেখা?**
উত্তর: এন্থনি মাসকারেনহাস

**প্রশ্ন: কর্নেল আবু তাহের কে নিয়ে রচিত "Taher's testament: Bangladesh - An Unfinished revulution" বইটি কার লেখা? তিনি একজন মার্কিন সাংবাদিক।**
উত্তর: লরেন্স লিফশুলজ

**প্রশ্ন: পাকিস্তানের পক্ষ থেকে আত্মসমর্পণ দলিলে সাক্ষর করেন কে?**
উত্তর: লেঃ জেঃ এ কে নিয়াজী

**প্রশ্ন: কত সালে বাংলাদেশে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠিত হয়?**
উত্তর: ২০০১

**প্রশ্ন:  আফসার বাহিনী এবং আফতাব বাহিনী যুদ্ধ চলাকালীন কোন অঞ্চলে সক্রিয় ছিলো?**
উত্তর: ময়মনসিংহ

**প্রশ্ন: ন্যাপ এর পূর্ণরূপ কি?**
উত্তর: ন্যাশনাল আওয়ামী পার্টি

**প্রশ্ন: যুদ্ধ চলাকালীন ভারতে আনুমানিক কত বাঙালি শরণার্থি হিসেবে ছিলো?**
উত্তর: ১ কোটি

**প্রশ্ন: জেড ফোর্স গঠিত হয় কোন মাসে?**
উত্তর: জুলাই

**প্রশ্ন: প্রবাসী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?**
উত্তর: তাজউদ্দিন আহমেদ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে বাংলাদেশের রনাঙ্গণকে কয়টি ব্রিগেড ফোর্সে ভাগ ছিল?**
উত্তর: ৩

**প্রশ্ন: পার্বত্য চট্টগ্রাম কত নং সেক্টরের অন্তর্গত ছিলো?**
উত্তর: ১

**প্রশ্ন: কলকাতার ইসলামিয়া কলেজ থেকে বিএ পাশ করার পর শেখ মুজিবুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগে ভর্তি হন ?**
উত্তর: আইন

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের স্মৃতিকথামূলক দিনলিপি  "একাত্তরের ডাইরি" কার লেখা ?**
উত্তর: সুফিয়া কামাল

**প্রশ্ন:  বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে তৈরি প্রথম মোবাইল গেমের নাম কি?**
উত্তর: হিরোজ অফ ৭১

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের উপন্যাস "A Golden Age" কার লেখা?**
উত্তর: তাহমিমা আনাম

**প্রশ্ন: "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" ও অন্যান্য অনুষঙ্গ হতে প্রাপ্ত অর্থ সাহায্যের পরিমাণ ছিলো প্রায় ২,৪৩,৪১৮.৫১ মার্কিন ডলার। কোন সংস্থার মাধ্যমে এই বিপুল পরিমান অর্থ শরণার্থীদের সাহায্যার্থে ব্যয়ীত হয় ?**
উত্তর: ইউনিসেফ

**প্রশ্ন: বাংলাদেশি নৌ কমান্ডোদের সবচাইতে সফল  অপারেশন কোনটি ছিলো?**
উত্তর: অপারেশন জ্যাকপট

**প্রশ্ন: মিত্রবাহিনী পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে যেই যুদ্ধে জয়ী হয়ে পাকিস্তানি সৈন্য হটিয়ে বগুড়াকে নিজেদের নিয়ন্ত্রণে নেয় সেটি হচ্ছে-**
উত্তর: হিলির যুদ্ধ

**প্রশ্ন: পাকিস্তানী বাহিনীর বিপক্ষে মুক্তিবাহিনীর হয়ে ৫ নং সেক্টরের গুপ্তচরের কাজ করেন কোন নারী মুক্তিযোদ্ধা ? তিনি খাসিয়া উপজাতির একজন ছিলেন।**
উত্তর: কাকন বিবি

**প্রশ্ন: ৫ নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন-**
উত্তর: মেজর মীর শওকত আলী

**প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ: দলিলপত্র গ্রন্থটি কয় খণ্ডে প্রকাশিত?**
উত্তর: ১৫ খণ্ড

**প্রশ্ন: ২২শে সেপ্টেম্বর থেকে মেজর এ.টি.এম. হায়দার কোন সেক্টরের কমান্ডারের দায়িত্ব গ্রহণ করেছিলেন?**
উত্তর: ২ নং

**প্রশ্ন: সমগ্র কুষ্টিয়া ও যশোর জেলা কত নং সেক্টরের অন্তর্গত?**
উত্তর: ৮

**প্রশ্ন: সমগ্র বরিশাল ও পটুয়াখালী জেলা কত নং সেক্টরের অন্তর্গত?**
উত্তর: ৯

**প্রশ্ন: পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের নির্বাচনে আওয়ামী লিগ ৩০০ আসনের মধ্যে কতটি আসন লাভ করে?**
উত্তর: ২৮৮

**প্রশ্ন: ১৯৭১ সালের ৬ মার্চ ইয়াহিয়া খান কাকে পূর্ব পাকিস্তানের গভর্নর নিয়োজিত করেন?**
উত্তর: জেনারেল টিক্কা খান

**প্রশ্ন: প্রবাসী সরকারের সচিবালয় কোথায় ছিলো?**
উত্তর: ৮ নম্বর থিয়েটার রোড

**প্রশ্ন: মুজিব নগর কত নং সেক্টরের অংশ ছিলো?**
উত্তর: ৮

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ভারতীয় আর্মির "চিফ অফ স্টাফ" কে ছিলেন? তিনি মুক্তিযুদ্ধে বাংলাদেশের পক্ষে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।**
উত্তর: স্যাম মানেকশো

**প্রশ্ন: কাকাত হেনইঞ্চিতা কোন বীর বাঙ্গালি নারী মুক্তিযোদ্ধার আসল নাম?**
উত্তর: কাঁকন বিবি

**প্রশ্ন: সর্বকনিষ্ঠ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা কে ছিলেন? (মুক্তিযুদ্ধের সময় তাঁর বয়স-১২ বছর)**
উত্তর: শহীদুল ইসলাম

**প্রশ্ন: কনসার্ট ফর বাংলাদেশে অংশ নেয়া উপমহাদেশীয় শিল্পীদের মধ্যে তবলায় কে ছিলেন?**
উত্তর: আল্লা রাখাঁ

**প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধের সময় অর্থ সংগ্রহের জন্য “কনসার্ট ফর বাঙলাদেশ” ছাড়াও গিন্সবার্গ ও রাশিয়ার কোন কবি মিলে কবিতা পাঠের আসর আয়োজন করেছিলেন?**
উত্তর: ইয়েভগেনি ইয়েভ তুসোস্কোর

**প্রশ্ন: কনসার্ট ফর বাংলাদেশের আয়োজক জর্জ হ্যারিসন কোন দেশি?**
উত্তর: ব্রিটেন

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রথম কোন জেলা পাকিস্তানী হানাদারমুক্ত হয়ে স্বাধীন হয়?**
উত্তর: যশোর

**প্রশ্ন: কনসার্ট ফর বাংলাদেশে অংশ নেয়া উল্লেখযোগ্য শিল্পীদের মধ্যে সরোদে কে ছিলেন?**
উত্তর: ওস্তাদ আলী আকবর খাঁ

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ কোনটি?**
উত্তর: ইরাক

**প্রশ্ন: মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রতিষ্ঠা করেন কে?**
উত্তর: শেখ মুজিবুর রহমান

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র "নরসুন্দর" এর নির্মাতা কে?**
উত্তর: তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র "শরৎ একাত্তর" এর নির্মাতা কে?**
উত্তর: মোরশেদুল ইসলাম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের মধ্যে লেখা একমাত্র উপন্যাস কোনটি? লেখক ছিলেন আনোয়ার পাশা।**
উত্তর: রাইফেল রোটি আওরাত

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র "A state is born" কার তৈরী?**
উত্তর: জহির রায়হান

**প্রশ্ন: পাকিস্তান আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করে কোথায়?**
উত্তর: রেসকোর্স ময়দানে

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্র স্থাপিত হয় কত তারিখ?**
উত্তর: ২৬ মার্চ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে মুজিব বাহিনীর প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন কে?**
উত্তর: শেখ ফজলুল হক মনি

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ মতিউর রহমান যে বিমানটি ছিনিয়ে আনছিলেন তার নাম-**
**উত্তর: টি-৩৩**

**প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ: দলিলপত্র গ্রন্থটি কয় খণ্ডে প্রকাশিত?**
উত্তর: ১৫

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে অবদান/বীরত্ব প্রদর্শনের জন্যে জীবিত ব্যক্তিকে প্রদত্ত সর্বোচ্চ বীরত্বসূচক পদবী কোনটি?**
উত্তর: বীরউত্তম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলেন কারা?**
উত্তর: ইস্ট বেঙ্গল রেজিমেন্ট

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের লাশ কত সালে বাংলাদেশে আনা হয়?**
উত্তর: ২০০৭

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম ইউরোপীয় দেশ কোনটি?**
উত্তর: পোল্যান্ড

**প্রশ্ন: পাকিস্তান বাংলাদেশকে স্বীকৃতি দেয় কত সালে?**
উত্তর: ১৯৭৪

**প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১ - ১৫ খণ্ড) এর সম্পাদক কে?**
উত্তর: হাসান হাফিজুর রহমান

**প্রশ্ন: কোন দেশের ভেটোর কারণে বাংলাদেশের জাতিসংঘের সদস্যপদ লাভে বিলম্ব হয়?**
উত্তর: চীন

**প্রশ্ন: আহত সহযোদ্ধার (নান্নু মিয়া) নিরাপদ দূরত্বে সরে যাওয়া নিশ্চিত করতে একটিমাত্র রাইফেল দিয়ে শত্রুসৈন্যের অগ্রসরতা ঠেকিয়ে রেখে অবশেষে শত্রুর বেয়নেট  এর আঘাতে শহীদ হন কোন বীরশ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা ?**
উত্তর: নূর মোহাম্মদ শেখ

**প্রশ্ন: "ফ্যান্টমস্ অব চিটাগাং" বইটি কার লেখা?**
উত্তর: মেজর জেনারেল এস. এস. উবান

**প্রশ্ন: ১৯৭১ সালে পাকিস্তান পিপলস পার্টির নেতৃত্বে কে ছিলেন?**
উত্তর: জুলফিকার আলী ভুট্টো

**প্রশ্ন: ৬ দফা আন্দোলনের প্রথম শহিদ কে ছিলেন?**
উত্তর: মনু মিয়া

**প্রশ্ন: প্রদত্ত কোন গানটি স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের Signature Tune হিসাবে প্রচারিত হতো?**
উত্তর: “জয় বাংলা, বাংলার জয়”

**প্রশ্ন:  বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের স্মৃতিস্তম্ভ "শিখা অনির্বান" কোথায় স্থাপিত?**
উত্তর: ঢাকা সেনানিবাস

**প্রশ্ন: শহীদ বুদ্ধিজীবী কবরস্থান কোথায় অবস্থিত?**
উত্তর: মিরপুর

**প্রশ্ন: শহীদুল্লাহ কায়সার ১৪ই ডিসেম্বর কাদের দ্বারা অপহৃত হন?**
উত্তর: আলবদর

**প্রশ্ন: 'জন্ম আমার ধন্য হলো মা গো' ১৯৭০ সালে প্রকাশিত বাংলা ভাষায় রচিত একটি দেশাত্মবোধক সঙ্গীত। গানটির গীতিকার কে?**
উত্তর: নয়ীম গহর

**প্রশ্ন: "সেই রেললাইনের ধারে মেঠোপথটার পারে দাঁড়িয়ে" গানটির গীতিকারের ছোট ভাই আসাদ(আসাদুজ্জামান) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাওয়ার আগে তার মাকে বলে গিয়েছিলেন। আসাদ যুদ্ধে শহিদ হন, কিন্তু তার মা এটা জানতেন না। কে এই গীতিকার?**
উত্তর: মোহাম্মদ রফিকুজ্জামান

**প্রশ্ন: তিনি ছিলেন বাংলাদেশের একজন বিখ্যাত সঙ্গীত ব্যক্তিত্ব যিনি একাধারে গীতিকার, সুরকার এবং সঙ্গীত পরিচালক ছিলেন। ছাত্রজীবনে মাধ্যমিকে অধ্যয়নরত অবস্থায় মাত্র ১৫ বছর বয়সে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অংশ নেন। "সব ক'টা জানালা খুলে দাও না", "সেই রেললাইনের ধারে মেঠোপথটার পারে দাঁড়িয়ে" ইত্যাদি বিখ্যাত গানের সুরকার তিনি। তিনি হলেন-**
উত্তর: আহমেদ ইমতিয়াজ বুলবুল

**প্রশ্ন: প্রতি বছর কত তারিখে বাংলাদেশে '৬ দফা দিবস' পালন করা হয়?**
উত্তর: ৭ জুন

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অন্যতম উদ্যোক্তা ছিলেন কে?**
উত্তর: বেলাল মোহাম্মদ

**প্রশ্ন: "নোঙ্গর তোল তোল সময় যে হল হল" গানটির গীতিকার কে?**
উত্তর: নয়ীম গহর

**প্রশ্ন: ১৯৭১ সালের এপ্রিল মাসে স্থানীয় রাজাকার বাহিনীর সদস্য পার্বতীপুরের রামচন্দ্রপুর গ্রামের কেনান উদ্দিন সরকার আশেপাশের বদরগঞ্জ, খোলাহাটী, বিরামপুর, আফতাবগঞ্জ ও শেরপুর গ্রামের প্রায় ৫০টি হিন্দু পরিবারকে নিরাপদে ভারতে পৌঁছে দেওয়ার নিশ্চয়তা দিয়ে নিয়ে আসে। এই হিন্দু পরিবারগুলোকে বর্তমান ফুলবাড়ি উপজেলার বাড়ইহাট নামক স্থানে আটকে রাখেন এবং পরবর্তীতে তাদের সর্বস্ব লুট করে পাকবাহিনীর হাতে তুলে দেয় যারা আটককৃত প্রত্যেকটি পুরুষকে ব্রাশফায়ারে হত্যা, নারীদের ধর্ষণের পর হত্যা এবং শিশুদের বেয়োনেট দিয়ে হত্যা করে। এই গণহত্যা কি নামে পরিচিত?**
উত্তর: আখিরা গণহত্যা

**প্রশ্ন: আলী আহসান মুহাম্মদ মুজাহিদ এর নেতৃত্বে একটি দল ১৯৭১ সালের মে মাসে ফরিদপুর জেলার একটি চরে গণহত্যা চালায়, যাতে তারা ৩০০-৩৫০টি হিন্দু বাড়িতে লুটতরাজ করে এবং ৫০-৬০ জন হিন্দুকে হত্যা করে। এই গণহত্যা কি নামে পরিচিত?**
উত্তর:  চরভদ্রাসন গণহত্যা

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কোন অনুষ্ঠানে শেখ মুজিবর রহমানের ভাষণের অংশবিশেষ সম্প্রচার করা হত?**
উত্তর: বজ্র কণ্ঠ

**প্রশ্ন: ডেমরা গণহত্যা বলতে ১৯৭১ সালের ১৩ ই মে দখলদার স্থানীয় রাজাকারদের সহায়তায় পাকিস্তান সেনাবাহিনী পাবনা জেলার বর্তমান ফরিদপুর উপজেলার ডেমরা ইউনিয়নের অন্তর্গত গ্রামের নিরস্ত্র হিন্দু বাসিন্দাদের উপর চালানো নির্মম গণহত্যাকে বুঝানো হয়। অনুমান করা হয় যে একদিনেই ৮০০-৯০০ মানুষ মারা গিয়েছিল। পুরুষদের তাদের বাড়ি থেকে টেনে এনে একটি লাইনে দাঁড় করানো হয়, এবং সহযোগীদের সহায়তায় পাকিস্তানি সেনারা তাদের সামনে মহিলাদের ধর্ষণ করেছিল। এরপরেই নারী-পুরুষ উভয়কে গুলি করে হত্যা করা হয়েছিল এবং তাদের বাড়িতে আগুন দেওয়া হয়েছিল। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্তে কাকে এই গণহত্যার মাস্টারমাইন্ডিংয়ের জন্য দোষী সাব্যস্ত করা হয়েছিল?**
উত্তর:  মতিউর রহমান নিজামী

**প্রশ্ন: ১৯৭১ সালের ৩ মে পাকিস্তানের সেনাবাহিনী স্থানীয় সহযোগীদের সহায়তায় বাংলাদেশের চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার খারনা ইউনিয়নের একটি হিন্দু গ্রামের বাসিন্দাদের উপরে সংগঠিত হয় পৈশাচিক গণহত্যা যাতে আনুমানিক ৩০০ বাঙালি হিন্দু হত্যার শিকার হয়। এই গণহত্যায় ৫ বছরের শিশু থেকে শুরু করে ৮০ বছরের বয়সী নারী-পুরুষ নিহত হয়েছিল। ৫ শতাধিক ঘর পুড়ে ছাই হয়ে গিয়েছিল। ১৯৭০ সালের নির্বাচনে এই গ্রামের ৯৫% ভোটার আওয়ামী লীগের পক্ষে ভোট দিয়েছিলেন। গণহত্যাটি কি নামে পরিচিত?**
উত্তর: মুজাফফরাবাদ গণহত্যা

**প্রশ্ন: রুমী, বদি সহ ক্র্যাক প্লাটুনের বেশ কয়েকজন সদস্য একই দিনে ধরা পড়েন। দিনটি হচ্ছে:**
উত্তর: ২৯ শে আগস্ট

**প্রশ্ন: কে সর্প্রবথম দলটিকে "ক্র্যাক" আখ্যা দেন; যা থেকে পরবর্তীতে এই প্লাটুনটি "ক্র্যাক প্লাটুন" নামে পরিচিত হয়?**
উত্তর: সেক্টর কমান্ডার খালেদ মোশাররফ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক নাটক "স্বাধীনতা আমার স্বাধীনতা" এর রচয়িতা কে?**
উত্তর: মমতাজউদ্দিন আহমেদ

**প্রশ্ন: বিদেশের মিশনে প্রথম বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়-**
উত্তর: কলকাতায়

**প্রশ্ন: মুজিবনগর সরকারকে শপথ বাক্য পাঠ করান-**
উত্তর: অধ্যাপক ইউসুফ আলী

**প্রশ্ন: "Witness to surrender" বইটি কার লেখা?**
উত্তর: সিদ্দিক সালিক

**প্রশ্ন: "বীর উত্তম" খেতাবপ্রাপ্ত একমাত্র বেসামরিক ব্যাক্তি কে ছিলেন?**
উত্তর: আবদুল কাদের সিদ্দিকী

**প্রশ্ন: ৫ নং সেক্টর এর সেক্টর কমান্ডার কে ছিলেন?**
উত্তর: মেজর মীর শওকত আলী

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য "জাগ্রত চৌরঙ্গী" এর ভাস্কর্ কে ছিলেন?**
উত্তর: আব্দুর রাজ্জাক

**প্রশ্ন: কোন যুদ্ধে সেক্টর কমান্ডার আবু তাহের গুরুতর আহত হন এবং পরবর্তীতে তার পা হারান?**
উত্তর: কামালপুর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস "জোছনা ও জননীর গল্প" এর রচয়িতা কে?**
উত্তর: হুমায়ূন আহমেদ

**প্রশ্ন: ৬ নং সেক্টর এর সেক্টর কমান্ডার কে ছিলেন?**
উত্তর: উইং কমান্ডার এম খাদেমুল বাশার

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "কারার ওই লৌহ কপাট" এর রচয়িতা কে?**
উত্তর: কাজী নজরুল ইসলাম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় কয়টি ব্রিগেড গঠন করা হয়?**
উত্তর: ৩

**প্রশ্ন: বাংলাদেশের বিমানবাহিনী গঠনে ভারত প্রথমে কয়টি হেলিকপ্টার প্রদান করে?**
উত্তর: ১

**প্রশ্ন: ১৯৭১ এর কত তারিখে সশস্ত্র বাংলাদেশ বিমান বাহিনীর যাত্রা শুরু হয়?**
উত্তর: ২৮ সেপ্টেম্বর

**প্রশ্ন: আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো' গানটির সুরকার কে? তিনি ১৯৭১ সালে পাক বাহিনীর হাতে শহীদ হন।**
উত্তর: আলতাফ মাহমুদ

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "পূর্ব দিগন্তে সূর্য উঠেছে" এর সুরকার কে?**
উত্তর: সমর দাস

**প্রশ্ন: ১৯৭০-এর সাধারণ নির্বাচনে জাতীয় পরিষদে পূর্ব পাকিস্তানের ১৬৯টি আসনের মধ্যে কয়টি আসনে আওয়ামী লীগ জয়লাভ করে?**
উত্তর: ১৬৭

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ শুরু হয়ে যাওয়ার কারণে বুদ্ধিজীবী জহির রায়হান কোন ইংরেজি চলচ্চিত্র নির্মাণ করা শেষ করতে পারেননি?**
উত্তর: Let There Be Light

**প্রশ্ন: সেক্টর ১১ তে আবু তাহের যুদ্ধে গুরুতর আহত হলে কাকে সেক্টরের দায়িত্ব দেয়া হয়?**
উত্তর: উইং কমান্ডার এম হামিদুল্লাহ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক গান "জন্ম আমার ধন্য হলো" এর রচয়িতা কে?**
উত্তর: নঈম গহর

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত অনুষ্ঠান "জল্লাদের দরবার" এ ইয়াহিয়া খানকে কি নামে উপস্থাপিত করা হয়?**
উত্তর: কেল্লা ফতে খান

**প্রশ্ন: ক্যাপ্টেন পাটোয়ারী, মেজর মঞ্জুর এবং ক্যাপ্টেন জিয়াউদ্দিন এর সাথে কোন সামরিক অফিসার তৎকালীন পশ্চিম পাকিস্তান থেকে পূর্ব পাকিস্তানে পালিয়ে আসেন? পরবর্তীতে তিনি একজন সেক্টর কমান্ডার হন।**
উত্তর: আবু তাহের

**প্রশ্ন: পার্বত্য চট্টগ্রামের বিখ্যাত বুড়িঘাটের যুদ্ধের নেতৃত্বে ছিলেন কোন অফিসার?**
উত্তর: ক্যাপ্টেন খালেকুজ্জামান চৌধুরী

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত অনুষ্ঠান "জল্লাদের দরবার" এ ইয়াহিয়া খান এর অভিনয় করেন কে?**
উত্তর: রাজু আহমেদ

**প্রশ্ন: কাকে অস্থায়ী সরকারের চিফ অফ স্টাফ নিয়োগ করা হয়?**
উত্তর: লেফটেন্যান্ট কর্নেল এম.এ রব

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক ছোটগল্প "একাত্তরের যীশু" এর রচয়িতা কে?**
উত্তর: শাহরিয়ার কবির

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচচিত্র "ওরা ১১জন" এর নির্মাতা কে?**
উত্তর: চাষী নজরুল ইসলাম

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রেকে কবে "বাংলাদেশ বেতার" নামকরণ করা হয়?**
উত্তর: ৬ ডিসেম্বর

**প্রশ্ন: বর্তমান সিলেট বিভাগের অংশবিশেষ নিয়ে গড়ে তোলা সেক্টর ৪ এর কমান্ডার কে ছিলেন?**
উত্তর: চিত্তরঞ্জন দত্ত

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় বিমানবাহিনীর বিখ্যাত ইউনিট "কিলো ফ্লাইট" এর প্রধান করা হয় কাকে?**
উত্তর: স্কোয়াড্রন লিডার সুলতান মাহমুদ

**প্রশ্ন: ১১ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: মহেন্দ্রগঞ্জ

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র কোনটি?**
উত্তর: ওরা ১১ জন

**প্রশ্ন: ব্রাহ্মণবাড়িয়ার দরুইনের যুদ্ধ কোন বীরশ্রেষ্ঠ শহীদ হন?**
উত্তর: মোস্তফা কামাল

**প্রশ্ন: রাঙামাটির নানিয়ারচর উপজেলায় কোন বীরশ্রেষ্ঠ কে দাফন করা হয়?**
উত্তর: মুন্সী আব্দুর রউফ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি নাগরিক কে ছিলেন?**
উত্তর: উইলিয়াম এস ওডারল্যান্ড

**প্রশ্ন: নিম্নের কোন সামরিক কর্মকর্তা কর্নেল আবু তাহেরের সাথে পশ্চিম থেকে পূর্ব পাকিস্তানে পালিয়ে আসেন?**
উত্তর: ক্যাপ্টেন জিয়াউদ্দিন

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক গান "মিলির হাতে স্টেনগান" এর রচয়িতা কে?**
উত্তর: আখতারুজ্জামান ইলিয়াস

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মতিনগরে স্থাপিত "বাংলাদেশ হাসপাতাল" এর কমান্ডিং অফিসার কে ছিলেন?**
উত্তর: সিতারা বেগম

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "রক্ত দিয়ে নাম লিখেছি" এর সুরকার কে?**
উত্তর: সুজেয় শ্যাম

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ভারতের প্রধান মন্ত্রী কে ছিলেন?**
উত্তর: ইন্দিরা গান্ধী

**প্রশ্ন: নিম্নের কে "কনসার্ট ফর বাংলাদেশ" এ সংগীত পরিবেশন করেন?**
উত্তর: আলী আকবর খাঁ

**প্রশ্ন: ১৯৭১ সালের সর্ববৃহৎ শরণার্থী শিবির কলকাতার সল্ট লেকে আনুমানিক কতজন শরণার্থী ছিল?**
উত্তর: ২৫০০০০

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচচিত্র "ধীরে বহে মেঘনা" এর নির্মাতা কে?**
উত্তর: আলমগীর কবির

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে চীনের প্রিমিয়ার কে ছিলেন?**
উত্তর: ঝু এনলাই

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর প্রখ্যাত সাংবাদিক অ্যান্থনি মাস্কারানাস ১৯৭১ সালে কোন বইটি প্রকাশ করেন?**
উত্তর: The Rape of Bangladesh

**প্রশ্ন: নিম্নের কোন বীরশ্রেষ্ঠ বাংলাদেশ রাইফেলস এর সদস্য ছিলেন?**
উত্তর: নূর মোহাম্মদ শেখ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচচিত্র "শ্যামল ছায়া" এর নির্মাতা কে?**
উত্তর: হুমায়ূন আহমেদ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় আখতার আহমেদ দ্বারা স্থাপিত "বাংলাদেশ হাসপাতাল" কোন সেক্টর এর অধীনে ছিল?**
উত্তর: ২

**প্রশ্ন: "কনসার্ট ফর বাংলাদেশ" কনসার্ট এর দুইটি পর্বেই জর্জ হ্যারিসন কোন গান দিয়ে শেষ করেন?**
উত্তর: Bangla Desh

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস "নিষিদ্ধ লোবান" এর রচয়িতা কে?**
উত্তর: সৈয়দ শামসুল হক

**প্রশ্ন: অস্থায়ী বাংলাদেশ সরকারের শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী কে ছিলেন?**
উত্তর: ক্যাপ্টেন মনসুর আলী

**প্রশ্ন: মাত্র ৩টি সাব-সেক্টর নিয়ে কোন সেক্টর এর সাব-সেক্টর এর সংখ্যা সর্বনিম্ন ছিল? (১০ নং সেক্টর বাদে)**
উত্তর: ৯

**প্রশ্ন: গঙ্গাসাগর, আখাউড়া ও কসবা কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?**
উত্তর: ২

**প্রশ্ন: সর্বমোট কতজনকে "বীর উত্তম" পদকে ভূষিত করা হয়?**
উত্তর: ৬৯

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস "হাঙ্গর নদী গ্রেনেড" এর রচয়িতা কে?**
উত্তর: সেলিনা হোসেন

**প্রশ্ন: ২ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: মেলাঘর

**প্রশ্ন: সেলিনা হোসেন এর "হাঙ্গর নদী গ্রেনেড" উপন্যাস এর উপর ভিত্তি করে কোন নির্মাতা একটি চলচ্চিত্র তৈরি করেন?**
উত্তর: চাষী নজরুল ইসলাম

**প্রশ্ন: সুনামগঞ্জ এবং সিলেটের অধিকাংশ জলাভূমি কোন সেক্টর এর অধীনে ছিল?**
উত্তর: ৫

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচচিত্র "রক্তাক্ত বাংলা" এর নির্মাতা কে?**
উত্তর: মমতাজ আলী

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "এক সাগর রক্তের বিনিময়ে" এর নির্মাতা কে?**
উত্তর: আলমগীর কবির

**প্রশ্ন: বেনাপোল কোন সেক্টর এর অধীনে ছিল?**
উত্তর: ৮

**প্রশ্ন: কোন বীরশ্রেষ্ঠ পার্বত্য চট্টগ্রামের বুরীঘাট গ্রামে মৃত্যুবরণ করেন?**
উত্তর: ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় কোন সেক্টর এর কোনো কমান্ডার নিযুক্ত করা হয় নি?**
উত্তর: ১০

**প্রশ্ন: ১৯৭১ সালের ২০ মে মুক্তিযুদ্ধের চকনগরে অন্যতম বৃহৎ গণহত্যা ঘটে যেখানে প্রত্যক্ষদর্শীদের মতে ১০ হাজারের ও বেশি মানুষ মৃত্যুবরণ করেন। এই চুকনগর বর্তমান কোন বিভাগের অন্তর্ভুক্ত?**
উত্তর: খুলনা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় ২ নং সেক্টর এর অধীনে কে "বাংলাদেশ হাসপাতাল" প্রতিষ্ঠা করেন? তিনি পরবর্তীতে বীর প্রতীক পদবীতে ভূষিত হন।**
উত্তর: আখতার আহমেদ

**প্রশ্ন: এপ্রিল মাসে এই সেক্টরের অপারেশনাল এলাকা ছিল কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, ফরিদপুর ও পটুয়াখালী জেলা। মে মাসের শেষে অপারেশন এলাকা সঙ্কুচিত করে কুষ্টিয়া, যশোর ও খুলনা জেলা, সাতক্ষীরা মহকুমা এবং ফরিদপুরের উত্তরাংশ নিয়ে এই সেক্টর পুনর্গঠিত হয়। কোন সেক্টর এর কথা বলা হচ্ছে?**
উত্তর: ৮

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "গেরিলা" এর নির্মাতা কে?**
উত্তর: নাসিরউদ্দিন ইউসুফ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা "স্বাধীনতা তুমি" এর রচয়িতা কে?**
উত্তর: শামসুর রাহমান

**প্রশ্ন: ভারতেশ্বরী হোমস এবং কুমুদিনী হাসপাতাল সহ অসংখ্য জনহিতকর প্রতিষ্ঠানের নির্মাতা কোন দানবীর ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে নিহত হন?**
উত্তর: রণদাপ্রসাদ সাহা

**প্রশ্ন: ১৯৭১ সালের ১ এপ্রিল কেরানীগঞ্জে সংঘটিত গণহত্যা কি নামে পরিচিত?**
উত্তর: জিঞ্জিরা

**প্রশ্ন: সারেং বউ এর লেখক এই বুদ্ধিজীবী যুদ্ধের সময় বেগম সুফিয়া কামাল এর বাসায় ঔষধ এবং খাদ্য পৌঁছে দিতেন মুক্তিযোদ্ধাদের জন্য। তিনি কে?**
উত্তর: শহীদুল্লাহ কায়সার

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক নাটক "পায়ের আওয়াজ পাওয়া যায়" এর রচয়িতা কে?**
উত্তর: সৈয়দ শামসুল হক

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় অত্যন্ত গুরুত্বপূর্ণ বিলোনিয়া এলাকা কোন জেলার অন্তর্ভুক্ত ছিল?**
উত্তর: ফেনী

**প্রশ্ন: সর্বমোট কতজনকে "বীর বিক্রম" পদকে ভূষিত করা হয়?**
উত্তর: ১৭৫

**প্রশ্ন: কত তারিখে ইয়াহিয়া খান এক ঘোষণায় ৩ মার্চ ঢাকায় অনুষ্ঠেয় জাতীয় পরিষদের অধিবেশন একতরফাভাবে স্থগিত করেন?**
উত্তর: ১ মার্চ

**প্রশ্ন: "Millions of babies watching the skies, Bellies swollen, with big round eyes" - এটি আলেন গিন্সবার্গ রচিত বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক কোন কবিতার প্রথম দুই চরণ?**
উত্তর: September on Jessore Road

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক গান "মোরা একটি ফুলকে বাঁচাবো" এর রচয়িতা কে?**
উত্তর: গোবিন্দ হালদার

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "জয় বাংলা বাংলার জয়" এর রচয়িতা কে?**
উত্তর: গাজী মাজহারুল আনোয়ার

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "তীর হারা এই ঢেউয়ের সাগর" এর রচয়িতা কে?**
উত্তর: আপেল মাহমুদ

**প্রশ্ন: শলদা নদীর যুদ্ধের পর কোন সেক্টর কমান্ডার আখতার আহমেদ কে আরো সুবিধা সহ একটি হাসপাতাল নির্মাণ করতে বলেন?**
উত্তর: মেজর খালেদ মোশাররফ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচচিত্র "খেলাঘর" এর নির্মাতা কে?**
উত্তর: মোরশেদুল ইসলাম

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "মোরা একটি ফুলকে বাঁচাবো" এর সুরকার কে?**
উত্তর: আপেল মাহমুদ

**প্রশ্ন: প্রথমে কতজন বিমান সেনা নিয়ে বিমানবাহিনীর বিখ্যাত ইউনিট "কিলো ফ্লাইট" গঠিত হয়?**
উত্তর: ৫৮

**প্রশ্ন: শাহরিয়ার কবির এর উপন্যাস অবলম্বনে কোন নির্মাতা মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "একাত্তরের যীশু" তৈরি করেন?**
উত্তর: নাসিরউদ্দিন ইউসুফ

**প্রশ্ন: ১ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: হরিনা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক প্রবন্ধ "একাত্তরের ঢাকা" এর রচয়িতা কে?**
উত্তর: সেলিনা হোসেন